

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
ডিমলা, নীলফামারী।

এক নজরে ডিমলা উপজেলার সাধারণ তথ্যাদি:

ডিমলা উপজেলার ভৌগোলিক অবস্থান ২৬.১৩° উত্তর ৮৮.৯৩° পূর্ব বা ২৬°০৫' থেকে ২৬°১৭' উত্তর অক্ষাংশ এবং ৮৮°৫২' থেকে ৮৯°০৬' পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত। নীলফামারী জেলাধীন উত্তর সীমান্তবর্তী একটি উপজেলা। এর মোট আয়তন ৩২৬.৮০ বর্গ কিলোমিটার। উপজেলাটি পূর্বাংশ তিস্তা অববাহিকায় অবস্থিত বালুকাময় অনুর্বর ভূমি দ্বারা গঠিত। এই উপজেলার পশ্চিমাংশ বুড়িতিস্তা নদী বোধিত যার ভূমি অত্যন্ত উর্বর। ডিমলা উপজেলার কেন্দ্র হতে দক্ষিণে ডোমার উপজেলার সদর, দক্ষিণ-পশ্চিমে নীলফামারী জেলার সদর এবং দক্ষিণ-পূর্বে জলঢাকা উপজেলার সদর অবস্থিত। উপজেলার উত্তরে ভারতের কুচবিহার জেলা, পূর্বে লালমনিরহাট জেলার হাতীবান্ধা উপজেলা, দক্ষিণে জলঢাকা উপজেলা ও পশ্চিমে ডোমার উপজেলা।

১। উপজেলাঃ ডিমলা, জেলাঃ নীলফামারী।

২। উপজেলা সদর হতে জেলার দূরত্ব : ৪৪ কিলোমিটার।

৩। আয়তন : ৩২৬.৮০ বর্গ কিলোমিটার।

৪। ইউনিয়ন : ১০ টি।

মৌজার সংখ্যা : ৫৩ টি।

গ্রামের সংখ্যা : ৫৩ টি।

জনসংখ্যা মোট ২,৮৩,৪৩৮ জন। যার মধ্যে পুরুষ ১৪২৪১২ জন এবং নারী ১৪১০২৬ জন। এর মধ্যে ৫-৯ বছর বয়সী হল ৪০৬৮৮ জন, ১০-১৪ বছর বয়সী ৩৪৫৮৭ জন ও ১৮ বছরের উর্ধ্বে ১৬০৭৮৩ জন। বিবাহিত নারীর সংখ্যা ৬৬০৫০ জন, যাদের বয়স ১৫-৫৯ এর মধ্যে। নারী পুরুষের লিঙ্গ অনুপাত ১০১। ডিমলা উপজেলায় মোট ৬৩৫৩৫টি পরিবার বসবাস করে। জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গকিলোমিটারে ৮৬৭ জন। উপজেলায় মোট ভোটার ১,৬৫,০৮৫ জন, পুরুষ ভোটার ৮২,৫৪৪ জন এবং মহিলা ভোটার ৮২,৫৪১ জন। জনসংখ্যার ৮৮.৪৬% মুসলমান, ১১.০৮% হিন্দু এবং ০.০৮% অন্যান্য ধর্মাবলম্বী।

প্রাণিসম্পদের পরিসংখ্যান

উপজেলা	খানার সংখ্যা	গরুর সংখ্যা	ছাগলের সংখ্যা	ভেড়ার সংখ্যা	মহিষের সংখ্যা	মুরগির সংখ্যা	হাঁসের সংখ্যা	কোয়েলের সংখ্যা	কবুতরের সংখ্যা	টার্কি ও অন্যান্য সংখ্যা
ডিমলা	৩৫২৬৪	১৬১০২১	৯৩৯৩৬	১৬৫১৬	৩৭৮০	৩৩৬২৭৭	১১৪৮০৭	১১০৬৩	১৯৩৭৫	২৩৫৭

আর্থিক অনুদান প্রাপ্ত খামারীর সংখ্যা:

ক্যাটাগরী	সংখ্যা	টাকার পরিমাণ
ডেইরী (০৩ ক্যাটাগরী)	২-৫=৩৬৫, ৬-৯=৩৫, ১০-২০=১১ মোট=৪১১টি	৪৩,৯৫,০০০/-
সোনালী (০৩ ক্যাটাগরী)	১০০-৫০০=৫, ৫০১-১০০০=৬, ১০০০+ =২ মোট=১৩টি	৮১,০০০/-
ব্রয়লার (০৩ ক্যাটাগরী)	৫০০-১০০০=১২, ১০০০-২০০০=১৭ মোট=২৯টি	৪,২১,৮৭৫/-
লেয়ার (০৩ ক্যাটাগরী)	২০০-৫০০=২, ৫০১-১০০০=২৩, ১০০০+ =৪ মোট=২৯টি	৫,০০,৬২৫/-
হাঁস (০৩ ক্যাটাগরী)	১০০-৩০০=৪১, ৩০১-৫০০=৬, ৫০০+ =৩ মোট =৫০টি	২,১২,৬২৫/-
মোট	সর্বমোট =৫৩২ টি	৫৬,১১,১২৫/-

প্রোডিউসার গ্রুপের তথ্য:

গ্রুপ	দল	সদস্য সংখ্যা	মন্তব্য
গাজী	১১ টি	৩৩১ জন	
হুস্টপুস্টকরণ	০২ টি	৫৪ জন	
মহিষ	০১ টি	৩০ জন	
ভেড়া	০১ টি	২৬ জন	
দেশী মুরগী	০২ টি	৫৬ জন	
সোনালী খামার	স্বতন্ত্র	২৩ জন	
লেয়ার খামার	স্বতন্ত্র	১৫ জন	
ব্রয়লার খামার	স্বতন্ত্র	১৩ জন	
মোট		৫৪৮ জন	

উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পভুক্ত নির্বাচিত সুফলভোগীদের প্যাকেজ ভিত্তিক তালিকা :

ক্রমিক নং	প্যাকেজের নাম	সুফলভোগীর সংখ্যা	মন্তব্য
১।	বকনা পালন	৯০ জন	
২।	ভেড়া পালন	৪২ জন	
৩।	মুরগী পালন	১৬৫ জন	
৪।	ঘাস প্রদর্শনী	৪ জন	
৫।	পাঠা পালন	৫ জন	
৬।	সাইলেজ	৫ জন	
৭।	বায়োগ্যাস প্লান্ট	৯ জন	
৮।	কবুতর পালন	৮ জন	
৯।	হাঁস পালন	৮০ জন	
১০।	ছাগল পালন	৪২ জন	
	মোট=	৪৫০ জন	